

“মুজিববর্ষের আহবান
দক্ষ হয়ে বিদেশ যান”



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
সংসদ ও সমন্বয় শাখা

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন'স চার্টার) বিষয়ক অবহিতকরণ/অংশীজনের সভার কার্যবিবরণী

সভাপতি	: মোঃ শহীদুল আলম, এনডিসি অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
সভার তারিখ ও সময়	: ২৫-০২-২০২১; বেলা ১১.০০ ঘটিকা
সভার স্থান	: মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (৬ষ্ঠ তলা)
উপস্থিতির তালিকা	: পরিশিষ্ট-ক

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। সভার শুরুতে সভাপতি মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতিতে বর্ণিত সেবাসমূহ নির্ধারিত সময়ে সম্পাদনের মানসিকতা নিয়ে কাজ করার আহবান জানান। এক্ষেত্রে তিনি মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত মন্ত্রণালয়/বিভাগ/ দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন'স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ মোতাবেক কার্যক্রম পরিচালনার গুরুত্ব তুলে ধরেন। অতঃপর মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন কমিটির সদস্য সচিব সংসদ ও সমন্বয় শাখা কর্মকর্তা উল্লিখিত নির্দেশিকা অনুযায়ী মন্ত্রণালয়ের বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতির নাগরিক সেবা/প্রাতিষ্ঠানিক সেবা/অভ্যন্তরীণ সেবা এবং ২০২০-২১ অর্থবছরের এ সংক্রান্ত কর্মপরিকল্পনা তুলে ধরেন। এ পর্যায়ে অংশগ্রহণকারী সদস্যবৃন্দের সাথে মুক্ত আলোচনা হয়। সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন'স চার্টার) সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ মোতাবেক মন্ত্রণালয়ের ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীবৃন্দের করণীয় সম্পর্কে বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

- ১। মন্ত্রণালয়ের ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীবৃন্দ মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত সেবা নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদনের নিমিত্তে সংশ্লিষ্ট শাখা কর্মকর্তাকে সার্বিক সহযোগিতা করবেন।
- ২। গত ৩১-১২-২০২০ তারিখে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোডকৃত সিটিজেন'স চার্টারে বিদ্যমান কর্মবন্টন অনুযায়ী যদি কোন পরিবর্তন আনয়নের প্রয়োজন হয় তাহলে সেটি শাখা কর্মকর্তাকে অবহিত করবেন।

পরিশেষে, সভাপতি সকলকে সিটিজেন'স চার্টার বাস্তবায়নের জন্য আন্তরিকভাবে কাজ করার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ শহীদুল আলম, এনডিসি
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)
ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সিটিজেন'স চার্টার